অবিলম্বে প্রকাশের জন্য: 11/24/2025 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল, হাঁপানির ইনহেলারের ব্যয়-ভাগাভাগি বাদ দেওয়ার আইনে স্বাক্ষর করলেন

নতুন আইন নিউ ইয়র্কবাসীর অর্থ সাশ্রয় করবে এবং জীবন রক্ষাকারী ওষুধে প্রবেশাধিকার উন্নত করবে

আইন (S.1804-A/A.128-A) স্টেট-নিয়ন্ত্রিত স্বাস্থ্য বীমা পরিকল্পনায় নিউ ইয়র্কবাসীর জন্য ইনহেলারের জন্য যৌথ-অর্থপরিশোধ, যৌথবীমা এবং কর্তনযোগ্য বিল বাতিল করে

গভর্নর Kathy Hochul (ক্যাথি হোকল) আজ ঘোষণা করেছেন যে তিনি জীবন রক্ষাকারী ইনহেলারের জন্য যৌথ-অর্থপরিশোধ, যৌথবীমা এবং কর্তনযোগ্য বিল বাতিল করে হাঁপানিতে (অ্যাস্থমা) আক্রান্ত নিউ ইয়র্কবাসীদের জীবন রক্ষাকারী ওষুধে প্রবেশাধিকার বৃদ্ধির জন্য আইন স্বাক্ষর করেছেন। নতুন আইন নিশ্চিত করবে যে স্টেট-নিয়ন্ত্রিত স্বাস্থ্য পরিকল্পনার রোগীদের বিনামূল্যে এক ধরনের রেসকিউ ইনহেলার এবং এক ধরনের রক্ষণাবেক্ষণ ইনহেলার সরবরাহ করা হবে। নিউ ইয়র্কে 1.4 মিলিয়নেরও বেশি প্রাপ্তবয়স্ক হাঁপানিতে ভোগেন, এই খরচ কমানোর ফলে জীবন রক্ষাকারী ওষুধ যাদের প্রয়োজন তাদের কাছে সেটি আরও সহজলভ্য হবে।

“কাউকে তাদের বিল পরিশোধ করা অথবা তাদের জীবন বাঁচাতে পারে এমন ইনহেলারের জন্য প্রেসক্রিপশন রিফিল করার মধ্যে একটি বেছে নিতে হবে না,” **গভর্নর Hochul (হোকল) বলেন।** "বীমা কভারেজ বাধ্যতামূলক করা এবং ইনহেলারের জন্য যৌথ-বীমা বাতিল করা হাঁপানিতে আক্রান্ত লক্ষাধিক নিউ ইয়র্কবাসীকে সহায়তা করবে এবং নিশ্চিত করবে যে তারা যে ওষুধের উপর নির্ভরশীল কখনই সেটি ছাড়া তাদের থাকতে হবে না।"

আইন S.1804-A/A.128-A অনুসারে প্রতিটি বীমা পলিসিতে হাঁপানির চিকিৎসার জন্য ইনহেলারের কভারেজ অন্তর্ভুক্ত করা আবশ্যক এবং নিশ্চিত করা হয়েছে যে তালিকাভুক্তদের, ছাড়যোগ্য, যৌথ-অর্থপরিশোধ, অর্থ-বীমা, বা অন্য কোনও ব্যয়-ভাগাভাগির আবশ্যিকতা সাপেক্ষ নয়, এমন কমপক্ষে একটি রেসকিউ এবং একটি মেনটেন্যান্স ইনহেলারে প্রবেশাধিকার রয়েছে। অনেকের জন্য হাঁপানি ইনহেলারের দাম অনেকের জন্য সাধ্যের বাইরে হতে পারে, কিছু ক্ষেত্রে প্রতিটি জীবন রক্ষাকারী ডিভাইসের দাম মাসে 640 ডলার পর্যন্ত হতে পারে।

নিউ ইয়র্ক স্টেট আর্থিক পরিষেবা দপ্তরের (Department of Financial Services) ভারপ্রাপ্ত সুপারিনটেন্ডেন্ট Kaitlin Asrow (ক্যাটলিন অ্যাসরো) বলেন, "ইনহেলারের জন্য নিজের পকেট থেকে অর্থ খরচ বাদ দেওয়ার ফলে হাঁপানিতে আক্রান্ত প্রায় দুই মিলিয়ন নিউ ইয়র্কবাসীর জীবন রক্ষাকারী ওষুধে প্রবেশাধিকার প্রসারিত হবে। গভর্নর Hochul (হোকল) এবং নিউ ইয়র্ক স্টেট আইনসভাকে ধন্যবাদ, এই সংকটকালীন পরিচর্যার ক্ষেত্রে খরচ আর বাধা হয়ে দাঁড়াবে না।"

নিউ ইয়র্ক স্টেটের হেলথ কমিশনার Dr. James McDonald (ডাঃ জেমস ম্যাকডোনাল্ড) বলেন, "প্রত্যেক নিউ ইয়র্কবাসীর জন্য প্রয়োজনীয় জীবন রক্ষাকারী ওষুধে প্রবেশাধিকার নিশ্চিত করার ক্ষেত্রে গভর্নর Hochul (হোকল) এর নেতৃত্ব এবং প্রতিশ্রুতির জন্য আমি তাকে ধন্যবাদ জানাই। একজন ব্যক্তি এবং তার জীবন বাঁচাতে পারে এমন ইনহেলারের মধ্যে খরচ কখনই বাঁধা হয়ে ওঠা উচিত নয়। যৌথ-অর্থপরিশোধ অপসারণ করার অর্থ হল আরও বেশি নিউ ইয়র্কবাসী শারীরিক এবং আর্থিক উভয় চাপ থেকে মুক্তি লাভ করতে পারবেন।"

স্টেট সিনেটর Gustavo Rivera (গুস্তাভো রিভেরা) বলেন, "গভর্নর এই বিলটি স্বাক্ষর করে আইনে পরিণত করে, আমাদের বাসিন্দাদের জীবন রক্ষাকারী হাঁপানির ওষুধ পেতে বাধাগ্রস্তকারী আর্থিক বাধা দূর করার দিকে নিউ ইয়র্ক এক ধাপ এগিয়ে গেছে। চিকিৎসা পরিচর্যায় প্রবেশাধিকার উন্নতকারী এই গুরুত্বপূর্ণ আইনটি বাস্তবায়ন করার জন্য আমার সাথে ঘনিষ্ঠভাবে কাজ করার জন্য, আমি আইনসভায় আমার অংশীদার Jessica Gonzalez-Rojas (জেসিকা গঞ্জালেজ-রোজাস) কে ধন্যবাদ জানাতে চাই।"

অ্যাসেম্বলিমেম্বার Jessica González-Rojas (জেসিকা গঞ্জালেজ-রোজাস) বলেন, "আমি অত্যন্ত গর্বিত যে গভর্নর Hochul (হোকল) আমার উত্থাপিত বিল, A128A এ স্বাক্ষর করে সেটিকে আইনে পরিণত করেছেন। এই আইনটি আমি যে সম্প্রদায়ের প্রতিনিধিত্ব করি এবং নিউ ইয়র্ক স্টেট জুড়ে পরিবারগুলির জন্য স্বাস্থ্য ক্ষেত্রে সমতা এগিয়ে নেওয়ার দিকে একটি গুরুত্বপূর্ণ পদক্ষেপ। অনেক দিন ধরে, নিউ ইয়র্কবাসীরা — বিশেষ করে যারা আমার ডিস্টিক্টে অ্যাস্থমা অ্যালির (Asthma Alley) মতো এলাকায় বাস করেন — তারা অসামঞ্জস্যপূর্ণ হাঁপানির হার এবং অত্যাবশ্যক পরিচর্যার ক্ষেত্রে অগ্রহণযোগ্য খরচের বাধার সম্মুখীন হচ্ছেন। হাঁপানি ইনহেলারের জন্য যৌথ-অর্থপরিশোধ, ছাড়যোগ্যতা এবং ব্যয় ভাগাভাগি বাদ দিয়ে, আমরা প্রতিটি নিউ ইয়র্কবাসীর তাদের প্রয়োজনীয় জীবন রক্ষাকারী ওষুধে প্রবেশাধিকার নিশ্চিত করছি। আমি সেইসব প্রবক্তা, পেশাদার স্বাস্থ্যসেবা প্রদানকারী এবং সম্প্রদায়ের নেতাদের কাছে কৃতজ্ঞ যাদের অংশীদারিত্ব এই আইনকে বাস্তবে রূপ দিতে সহায়তা করেছে। আজ, আমরা একটি স্বাস্থ্যকর এবং আরও ন্যায্য নিউ ইয়র্ক গড়ে তোলার দিকে একটি গুরুত্বপূর্ণ পদক্ষেপ নিচ্ছি।"

কাউন্সিল সদস্য Lynn Schulman (লিন শুলম্যান) বলেন, "রোগীদের বিনামূল্যে হাঁপানি ইনহেলার সরবরাহের জন্য এই জীবন রক্ষাকারী আইনে স্বাক্ষর করার জন্য গভর্নর Hochul (হোকল) কে ধন্যবাদ। এছাড়াও, বিল উপস্থাপক, অ্যাসেম্বলিমেম্বার Jessica González-Rojas (জেসিকা গঞ্জালেজ-রোজাস) এবং সিনেটর Gustavo Rivera (গুস্তাভো রিভেরা) কে ধন্যবাদ। NYC কাউন্সিলের হেলথ কমিটি (Council Health Committee)-র সভাপতি হিসেবে, আমি আনন্দের সাথে বলতে পারছি যে নিউ ইয়র্কবাসীরা এখন স্বস্তির নিঃশ্বাস ফেলতে পারছেন!"

নিউ ইয়র্ক স্টেট স্বাস্থ্য দপ্তরের প্রদত্ত পরিসংখ্যান অনুযায়ী, নিউ ইয়র্কে 1.4 মিলিয়নেরও বেশি প্রাপ্তবয়স্কের হাঁপানি রয়েছে। এই রোগাবস্থা শিশুদের উপরও উল্লেখযোগ্যভাবে প্রভাব ফেলে। 2021 সালে, মার্কিন রোগ নিয়ন্ত্রণ ও প্রতিরোধ কেন্দ্র (Center for Disease Control and Prevention, CDC) অনুমান করেছিল যে নিউ ইয়র্ক স্টেটে প্রায় 315,000 শিশুর হাঁপানি ছিল - যা স্টেটের শিশু জনসংখ্যার প্রায় 8.9 শতাংশ। CDC-র মতে, হাঁপানিতে প্রতিদিন প্রায় 10 জন মানুষ মারা যান, যা এটিকে মার্কিন যুক্তরাষ্ট্রে মৃত্যুর ষষ্ঠ প্রধান কারণ করে তোলে।

হাঁপানি আমাদের স্বাস্থ্যসেবা ব্যবস্থার উপর একটি উল্লেখযোগ্য বোঝা চাপিয়ে দেয়। প্রতি বছর, হাঁপানির কারণে 1.7 মিলিয়নেরও বেশি জরুরি বিভাগে যান এবং স্বাস্থ্যসেবা ব্যয় 50 বিলিয়ন ডলারেরও বেশি হয়।

এই আইন স্বাক্ষরের মাধ্যমে গভর্নরের নিউ ইয়র্কবাসীর স্বাস্থ্যের উন্নতির প্রতি প্রতিশ্রুতির উপর ভিত্তি করে ব্যয় হ্রাস এবং গুরুত্বপূর্ণ ওষুধে প্রবেশাধিকার বৃদ্ধি করা হচ্ছে। 2024 সালে, গভর্নর Hochul (হোকল) স্টেট-নিয়ন্ত্রিত স্বাস্থ্য বীমা পরিকল্পনায় যেকোনো নিউ ইয়র্কবাসীর জন্য ইনসুলিন ব্যয়-ভাগাভাগি বন্ধ করার জন্য আইনে স্বাক্ষর করেছেন। এই উদ্যোগটি দেশে ইনসুলিনের ব্যয়-ভাগাভাগির বিরুদ্ধে সবচেয়ে ব্যাপক নিষেধাজ্ঞা জারি করেছে, নিউ ইয়র্কবাসীদের আর্থিক ত্রাণ প্রদান করেছে এবং এই জীবন রক্ষাকারী ওষুধগুলিতে প্রবেশাধিকার উন্নত করেছে। 1.58 মিলিয়ন নিউ ইয়র্কবাসীর ডায়াবেটিস ধরা পড়ায়, এই প্রস্তাবটি শুধুমাত্র 2025 সালে নিউ ইয়র্কবাসীদের আনুমানিক 14 মিলিয়ন ডলার সাশ্রয় করবে বলে ধারণা করা হচ্ছে।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন